



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

কাজী রিয়াজুল হক

চেয়ারম্যান

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

ঠিকানা : বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫, বাংলাদেশ

যোগাযোগ : +৮৮ ০২ ৫৫০১৩৭১৩ (টেলিফোন)

+৮৮ ০২ ৫৫০১৩৭১৭ (ফ্যাক্স)

+৮৮ ০১৯৭৪০১৬১৭১ (মোবাইল)

ই-মেইল : chairman@nhrc.org.bd ; krh_bnhr@yahoo.com

ডি.ও.নং: এনএইচআরসিবি/চেয়ার/১৪২/১৮-৬২

তারিখ: ২৩/১২/২০১৮

প্রিয় প্রধান নির্বাচন কমিশনার,

গোম্মার ডানাত ও শুভেচ্ছা নিনেন।


আপনার সুযোগ্য নেতৃত্বে আসন্ন নির্বাচন অংশগ্রহণমূলক, স্বচ্ছ ও গ্রহণযোগ্য হবে মর্মে কমিশন বিশ্বাস করে। গত ২০ নভেম্বর ২০১৮ তারিখ পাঠানো ডিও লেটারের মাধ্যমে আপনাকে যে সুপারিশ করেছিলাম তার মধ্যে একটি ছিল- বিপন্ন, দুর্বল, প্রান্তিক ও ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায় এবং নারী ও তৃতীয় লিঙ্গের ভোটারগণ যাতে নির্বিঘ্নে ভোটদান করতে পারে এবং নির্বাচন-পূর্ব হুমকি ও নির্বাচন-পরবর্তী সহিংসতার শিকার না হয় তা নিশ্চিত করতে হবে। কমিশন লক্ষ্য করেছে যে, নির্বাচন কমিশনের পক্ষ থেকে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এজন্য নির্বাচন কমিশনকে জাতীয় মানবাধিকার কমিশন সাধুবাদ জানায়।

গণমাধ্যম সূত্রে জানা যায় যে, দেশের সবচেয়ে বড় যৌনপল্লী রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলার উত্তর দৌলতদিয়ায় বসবাসরত যৌনকর্মীদের জাতীয় পরিচয়পত্রে তাদের গ্রামের নাম “পতিতালয়” লেখা হয়েছে যা তাদের জন্য অপমানজনক। কমিশন মনে করে এতে উক্ত এলাকায় যৌনকর্মীদের প্রতি বৈষম্যমূলক আচরণ করা হয়েছে এবং তাদের মানবিক মর্যাদা ক্ষুণ্ণ হয়েছে। এটা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। বাংলাদেশের সংবিধানে প্রতিটি নাগরিকের সমান অধিকার ও মানবিক মর্যাদার সুস্পষ্ট উল্লেখ রয়েছে এবং এটি নিশ্চিত করার দায়িত্ব রাষ্ট্রের। এবারের নির্বাচনে যাতে যৌনকর্মীসহ সংখ্যালঘু জনগোষ্ঠী তাদের মানবিক মর্যাদার সাথে উৎসব মুখর পরিবেশে নির্বিঘ্নে ভোট প্রদান করতে পারে সেই পরিবেশ সৃষ্টি ও তাদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য রাজবাড়ী জেলাসহ সংশ্লিষ্ট জেলার রিটানিং অফিসারদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করছি।

এছাড়া, যৌনকর্মীদের মানবিক মর্যাদার বিষয়টি বিবেচনা করে আসন্ন নির্বাচনের পরে রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলার উত্তর দৌলতদিয়া গ্রামের যৌনকর্মীদের জাতীয় পরিচয়পত্রে এবং ভোটার লিষ্টে গ্রামের নাম “পতিতালয়” শব্দটি বাদ দিয়ে গ্রামের সঠিক নামটি লিখে সংশোধন করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

গোপনীয় ব্যাবহিক স্বাধীনতা কামনা করছি।

জনাব কে. এম. নূরুল হদা
প্রধান নির্বাচন কমিশনার
বাংলাদেশ নির্বাচন কমিশন
আগারগাঁও, ঢাকা- ১২০৭।


কাজী রিয়াজুল হক
চেয়ারম্যান
জাতীয় মানবাধিকার কমিশন
২৬/১২/২০১৮